

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৯.২০.৪৭

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭

২৯ অক্টোবর ২০২০

বিষয়: রিট পিটিশন নং-১৪২১২/২০১৯ মামলায় রুল নিশির আলোকে **Show Cause** এর জবাবসহ মামলাটিতে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে সরকার পক্ষের জবাব (**Affidavit in opposition**) দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৫.১২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব আল হাজ্জ এ.বি.এস.এম আব্দুল্লাহ, পিতা: মৃত মো: আব্দুর রশিদ, মাতা: রাবেয়া বেগম, সুপারিনটেনডেন্ট, ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসা, পোস্ট: তুলপাই, ফতেহপুর-৩৬৩০, থানা: কচুয়া, জেলা: চাঁদপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪২১২/২০১৯ মামলা দায়ের করা হয়েছে। মামলাটি মাদ্রাসা শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশিতে আবেদনকারীর ২২.০৮.২০১৯ খ্রি: তারিখের আবেদনটি বিধিসম্মতভাবে নিষ্পত্তি করার নির্দেশ জারী করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারীর আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, কোন নোটিশ বা **Show Cause** ছাড়াই আবেদনকারী জনাব আল হাজ্জ এ.বি.এস.এম আব্দুল্লাহ-কে পূর্বোক্ত ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসা, পোস্ট: তুলপাই, ফতেহপুর-৩৬৩০, থানা: কচুয়া, জেলা: চাঁদপুর এর সুপার পদ থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। সাময়িক বরখাস্তের আদেশ প্রদান করা হয়েছে মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: তরিকুল ইসলাম কর্তৃক। এতে সংস্কৃদ্ধ হয়ে মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. মামলাটির রুল নিশিতে-

(ক) আবেদনকারীর ২২.০৮.২০১৯ খ্রি: তারিখের আবেদনখানা বিধিসম্মতভাবে নিষ্পত্তি না করায় ১২.০১.২০২০ খ্রি: তারিখ অথবা তার পূর্বে **Show Cause** এর জবাব চাওয়া হয়েছে। **Show Cause** এর জবাব দেয়া প্রয়োজন।

(খ) রুল নিশির আদেশে আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীর ২২.০৮.২০১৯ খ্রি: তারিখের আবেদনখানা বিধিসম্মতভাবে নিষ্পত্তি করার নির্দেশ দেয়া হয়েছে। আবেদনখানা বিধিসম্মতভাবে নিষ্পত্তি করা হলে মামলাটি খারিজ বলে গণ্য হবে। আবেদনখানা নিষ্পত্তি করা না হলে জরুরীভিত্তিতে নিষ্পত্তি করা প্রয়োজন।

(গ) : রুল নিশির আদেশ:

“Pending hearing of the Rule, respondent No.2 is directed to dispose of petitioner’s said complaint dated 22.08.2019 (Annexure-F), in accordance with law, within a period of 30 (thirty) days from receipt of the copy of this order. With the disposal of the said application, the Rule itself shall automatically stand discharged as being infructuous.”

০৪. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১ নং রেসপনডেন্টসহ মোট ০৭ (সাত) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৫. উল্লেখ্য যে, রুল নিশিটি অডিট ও আইন অনুবিভাগে ২১.১০.২০২০ খ্রি: তারিখে পাওয়া গেছে।

০৬. উক্ত রিট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যিক-

- (১) আবেদনকারীর ২২.০৮.২০১৯ খ্রি: তারিখের আবেদনখানা বিধিসম্মতভাবে নিষ্পত্তি করা হয়েছে কী না? হয়ে থাকলে তার প্রমাণক প্রয়োজন। না হয়ে থাকলে আবেদন নিষ্পত্তিতে কোন প্রতিবন্ধকতা আছে কী না?
- (২) উক্ত মামলায় রুল নিশির আলোকে *Show Cause* এর জবাবসহ *Affidavit in opposition* মহামান্য আদালতে দাখিল হয়েছে কী-না? হয়ে থাকলে তার প্রমাণক এবং না হয়ে থাকলে বিলম্বের কারণ কী?
- (৩) রুল নিশির আদেশের প্রেক্ষিতে রুল নিষ্পত্তির উদ্দেশ্যে কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে? কার্যক্রমের প্রমাণক প্রয়োজন।
- (৪) উক্ত মামলায় শুনানী অস্ত্রে কোন রায় প্রদান করা হয়েছে কী-না?
- (৫) উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী?
- (৬) উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী?

০৭. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৪২১২/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলক্রমে (পূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রমাণক এবং বিলম্বের কারণসহ মামলাটি বিষয়ে চাহিত তথ্য আগামী ১১.১১.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৯-১০-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৯.২০.৪৭/১(৭)

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭
২৯ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২৯-১০-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)